# NEWS LETTER

June -2024



বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)

BANGLADESH INSTITUTE OF PLANNERS (BIP)

# বিআইপি নিউজলেটার
## জুন ২০২৪ সংখ্যা

**নির্বাহী সম্পাদক**
পরিকল্পনাবিদ হোসনে আরা

**সম্পাদনা পরিষদ**
পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান

**সংবাদ সংগ্রহ ও গবেষণা**
মোঃ সাজ্জিব হোসেন
মুহাম্মদ ফারদীন খান
আব্দুল্লাহ আল মুজতাবী
বিপাশা আক্তার

**মুদ্রণে**
**পরিবর্তন**
২০৪ ফকিরেরপুল (১ম গলি)
মতিঝিল, ঢাকা-১০০০।
মোবাইল : ০১৮১৬৩৮৪২৮৩

## সম্পাদকীয়

## বিআইপি সংবাদ

- ১৬তম কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব গ্রহণ
- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের সৌজন্য সাক্ষাৎ
- গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের সৌজন্য সাক্ষাৎ
- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের সৌজন্য সাক্ষাৎ
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের সৌজন্য সাক্ষাৎ
- 'বাংলাদেশের স্থানিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন আগামীর চ্যালেঞ্জ ও করণীয়' সম্পর্কিত বিআইপি আয়োজিত সংবাদ সম্মেলন
- অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের সৌজন্য সাক্ষাৎ
- Megacities of the Global South in the 2020's শীর্ষক বই এর মোড়ক উন্মোচন এবং 'মেগাসিটির বিবর্তন ও শহরের বাসযোগ্যতার রূপান্তর' শীর্ষক আলোচনা সভা
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সুতিভোলা খালের সীমানা নির্ধারণ, পরিবেশ উন্নয়ন এবং সামগ্রিক ব্যবস্থাপনা বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে সুতিভোলা খাল পরিদর্শন
- Spatial Planning Framework for Bangladesh (বাংলাদেশের স্থানিক পরিকল্পনা কাঠামো) সম্পর্কিত ওরিয়েন্টেশন সেমিনার
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ৫২'র সকল ভাষা শহীদদের প্রতি বিআইপি'র বিনম্র শ্রদ্ধা
- বিআইপি'র ৫০ বছর পূর্তি উদযাপনের অংশ হিসেবে বার্ষিক বনভোজন আয়োজন
- Urban Planning and Management Framework of India শীর্ষক পাবলিক লেকচার আয়োজন
- 'বেইলি রোডের অগ্নিকান্ড এবং ভবনে জীবনের নিরাপত্তাঃ বিআইপি'র পর্যবেক্ষণ ও প্রস্তাবনা' শীর্ষক সংবাদ সম্মেলন
- বিআইপি'র ৫০ বছর পূর্তি উদযাপনের অংশ হিসেবে বার্ষিক ক্রীড়া উৎসব আয়োজন
- মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমানের সাথে বিআইপি'র ১৬তম কার্যনির্বাহী পরিষদ প্রতিনিধিদের সৌজন্য সাক্ষাৎ
- রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর প্রধান নগর পরিকল্পনাবিদ হিসেবে পদোন্নতি পাওয়ায় জনাব মোঃ আশরাফুল ইসলামকে বিআইপি সম্মাননা প্রদান অনুষ্ঠান ও ইফতার মাহফিল ২০২৪
- নগর উন্নয়ন সাংবাদিকতার সাথে সম্পৃক্ত গণমাধ্যম কর্মীদের সম্মানে বিআইপি আয়োজিত ইফতার মাহফিল
- মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন
- Private Residential Land Development Rule: Updates, Compliance and Beyond শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি প্রতিনিধির দ্বি-পাক্ষিক আলোচনা সভা
- Preparation of Development Project Proposal (DPP) শীর্ষক দুই দিনব্যাপী পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা
- 'ঢাকায় তাপদাহঃ নগর পরিকল্পনা ও উন্নয়ন ব্যবস্থাপনার দায় ও করণীয়' শীর্ষক বিআইপি'র পরিকল্পনা সংলাপ
- 'নারী পরিকল্পনাবিদ এবং নবীন নারী নেতৃত্ব সম্মাননা' শীর্ষক অনুষ্ঠান আয়োজন
- Resettlement/Social Safeguard Planning and Implementation and Environmental Impact Assessment (EIA) in Infrastructure Projects শীর্ষক দুই দিনব্যাপী পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা আয়োজন

- বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সদস্য পরিকল্পনাবিদ মোঃ মাহমুদ আলী নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রধান) হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় শুভেচ্ছা জ্ঞাপন
- বিআইপি'র সহযোগিতায় পাবিপ্রবিতে Sustainable Spatial Planning Practices শীর্ষক সেমিনার আয়োজন
- বিআইপি আয়োজিত '২০২৪-২০২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেটঃ বিআইপি'র পর্যালোচনা' শীর্ষক সংবাদ সম্মেলন
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম এর সাথে বিআইপি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ
- 'নগর পরিকল্পনা ও জনস্বাস্থ্যঃ বৈশ্বিক এবং স্থানীয় অভিজ্ঞতা' শীর্ষক সেমিনার আয়োজন
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান, বিপিএএ এর সাথে বিআইপি প্রতিনিধির সৌজন্য সাক্ষাৎ
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব নাজমুল আহসান এর সাথে বিআইপি প্রতিনিধির সৌজন্য সাক্ষাৎ
- UNDP, LGED, and UK Govt. আয়োজিত Urban Resilience Forum আয়োজনে সহযোগি হিসেবে বিআইপি'র অংশগ্রহণ
- বিআইপি'র উদ্যোগে দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচী আয়োজন
- বিআইপি Student Chapter পরিচিতি

► বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) ১৬তম কার্যনির্বাহী পরিষদ পরিচিতি

► মিডিয়া কাভারেজ

# সম্পাদকীয়

প্রিয় পরিকল্পনাবিদ,

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র পক্ষ থেকে আন্তরিক সালাম এবং শুভেচ্ছা জানাচ্ছি। (বিআইপি)'র ১৬তম কার্যনির্বাহী পরিষদের পক্ষ থেকে আপনাদের হাতে বিআইপি নিউজলেটার জুন ২০২৪ সংখ্যা তুলে দিতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। বিআইপি নিউজলেটার আমাদের একটি নিয়মিত প্রকাশনা, যা প্রতি ছয় মাস অন্তত প্রকাশিত হয়। এবারের সংখ্যায় জানুয়ারি ২০২৪ থেকে জুন ২০২৪ পর্যন্ত আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান এবং ঘটনার সংকলন রয়েছে।

পেশাজীবী সংগঠন হিসেবে বিআইপি পরিকল্পনা পেশার উৎকর্ষ সাধনে দায়বদ্ধ। এরই প্রেক্ষিতে সকলের সার্বিক সহযোগিতা ও অংশগ্রহণে নতুন সৃজনশীল কর্মসূচীর মাধ্যমে বিআইপি'র অগ্রযাত্রা অব্যাহত থাকবে এবং ভবিষ্যতে পরিকল্পনাবিদদের কর্মদক্ষতাকে আরও ভালোভাবে কাজে লাগানোর জন্য সকলে ঐক্যবদ্ধভাবে কাজ করবে বলে বিআইপি বিশ্বাস করে।

প্রবীণ পরিকল্পনাবিদদের অভিজ্ঞতা এবং নবীন পরিকল্পনাবিদদের উদ্যমকে একত্রিত করে, আমরা বিশ্বাস করি যে ভবিষ্যতে নগর পরিকল্পনা পেশা আরও সফলতা ও স্বীকৃতি অর্জন করবে এবং বাংলাদেশের নগর পরিকল্পনার মান আরও উন্নত হবে।

পরিশেষে নিউজলেটারের অনাকাঙ্ক্ষি ভুলত্রুটি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য আন্তরিকভাবে অনুরোধ রইলো।

ধন্যবাদান্তে,

বিআইপি'র ১৬-তম কার্যনির্বাহী পরিষদের পক্ষে

**পরিকল্পনাবিদ হোসনে আরা**
বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স

## ১৬তম কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব গ্রহণ

**০১.০১.২০২৪**

বিগত ৩১ ডিসেম্বর ২০২৩ (রবিবার), বিকাল ৫:৩০টায়, বিআইপি কনফারেন্স হলরুমে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের নিকট ১৫তম কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব হস্তান্তর শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিআইপি'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের বিদায়ী সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এর নিকট প্রাতিষ্ঠানিক সকল নথি, চলমান কার্যক্রম এর বিবরণী সহ আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার হস্তান্তর করেন। এসময় বিআইপি'র ১৫তম এবং ১৬তম কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ, উপদেষ্টা পরিষদ সদস্য এবং বিআইপি'র সকল কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদ এর সৌজন্য সাক্ষাৎ

**১৮.০১.২০২৪**

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদ এর একটি প্রতিনিধি দল বিগত ১৮ জানুয়ারি ২০২৪ (বৃহস্পতিবার) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি মহোদয়ের সাথে একটি সৌজন্য সাক্ষাৎ করেন।



এসময় বিআইপি প্রতিনিধি দলের পক্ষ থেকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী হিসেবে পুনরায় দায়িত্বভার গ্রহণ করায় জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানানো হয় এবং বিআইপি কর্তৃক প্রণীত Spatial Planning Framework for Bangladesh (বাংলাদেশের স্থানিক পরিকল্পনা কাঠামো) এর কপি মাননীয় মন্ত্রী কে প্রদান করা হয়।

এসময় উক্ত স্থানিক পরিকল্পনা কাঠামো কে প্রাতিষ্ঠানিকীকরণ সহ পারাস্পরিক সম্পর্ক ও সহযোগিতার সম্প্রসারণ এবং ২০৪১ সালের রূপকল্প এবং দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বর্তমান সরকার এর নির্বাচনী তফশিল অনুযায়ী সারাদেশের নগর/অঞ্চল ও গ্রামীণ জনপদের সমন্বিত উন্নয়ন তথা উন্নত, সমৃদ্ধশালী এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় সম্পর্কে মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি প্রতিনিধিদের আলোচনা অনুষ্ঠিত হয়।

বিআইপি প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট এর সভাপতি পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন এবং পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান এবং বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো) পরিকলল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম নির্বাহী পরিষদের সৌজন্য সাক্ষাৎ

**২৩.০১.২০২৪**

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধি দল বিগত ২৩ জানুয়ারি ২০২৪ (মঙ্গলবার) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী, এমপি মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।



এসময় বিআইপি প্রতিনিধি দলের পক্ষ থেকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় জনাব র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী, এমপি কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানানো হয় ।

বিআইপি প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট এর সভাপতি পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান এবং বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো) পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ।

## পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের সৌজন্য সাক্ষাৎ

**২৪.০১.২০২৪**

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধি দল বিগত ২৪ জানুয়ারি ২০২৪ (বুধবার) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব সাবের হোসেন চৌধুরী, এম.পি. মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

বিআইপি প্রতিনিধি দলের পক্ষ থেকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় জনাব সাবের হোসেন চৌধুরী এম.পি. কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানানো হয় ।



এসময় মাননীয় মন্ত্রী Spatial Planning Framework for Bangladesh এর উপর আলোচনার জন্য একটি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন করবেন, যেখানে এ বিষয়ে বিআইপি একটি প্রতিবেদন উপস্থাপন করবেন বলে আশ্বাস ব্যক্ত করেন ।

বিআইপি প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট এর সভাপতি পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো) পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ এবং বোর্ড সদস্য (মেম্বারশীপ এফেয়ার্স) পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন।

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের সৌজন্য সাক্ষাৎ

**২৪.০১.২০২৪**



বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধি দল বিগত ২৪ জানুয়ারি ২০২৪ (বুধবার) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি. মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

বিআইপি প্রতিনিধি দলের পক্ষ থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় জনাব ফরহাদ হোসেন এম.পি. কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

২০৪১ সালের রূপকল্প এবং দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বর্তমান সরকার এর নির্বাচনী তফশিল অনুযায়ী সারাদেশের নগর/অঞ্চল ও গ্রামীণ জনপদের সমন্বিত, পরিবেশসম্মত ও টেকসই উন্নয়ন তথা উন্নত, সমৃদ্ধশালী এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিসিএস এ প্ল্যানিং ক্যাডার চালুসহ উপজেলা পর্যায় পর্যন্ত পরিকল্পনাবিদদের চাকুরির সুযোগ সম্প্রারণের বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি প্রতিনিধিদের আলোচনা অনুষ্ঠিত হয়।

বিআইপি প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট এর সভাপতি পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো) পরিকলল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ এবং বোর্ড সদস্য (মেম্বারশীপ এফেয়ার্স) পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন।

## 'বাংলাদেশের স্থানিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন আগামীর চ্যালেঞ্জ ও করণীয়' সম্পর্কিত বিআইপি আয়োজিত সংবাদ সম্মেলন

**২৭.০১.২০২৪**




বিগত ২৭ জানুয়ারি ২০২৪, শনিবার, সকাল ১১:০০ টায় ঢাকার বাংলামটরে প্ল্যানার্স টাওয়ারে বিআইপি কনফারেন্স হলরুমে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র উদ্যোগে "বাংলাদেশের স্থানিক পরিকল্পনা ও টেকসই উন্নয়নঃ আগামীর চ্যালেঞ্জ ও করণীয়" শীর্ষক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় এবং বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে বর্তমান সরকারের বিগত একাদশ সংসদীয় নির্বাচনের ইশতেহার অনুযায়ী সফলতা ও ব্যর্থতার তুলনামূলক পর্যালোচনা করা হয় এবং দ্বাদশ সংসদীয় নির্বাচনে প্রতিশ্রুত ইশতেহার বাস্তবায়নের চ্যালেঞ্জ ও করণীয় সম্পর্কে আলোচনা করা হয়। বিআইপি বাংলাদেশের পরিকল্পিত ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে কিছু প্রস্তাবনা পেশ করে।

বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান বলেন, "আমার গ্রাম, আমার শহর" প্রকল্পটি বাস্তবায়িত হয়নি, ও অন্তত ১০ টি একনেক সভায় প্রধানমন্ত্রীর অনুশাসন পালিত হয়নি। বিআইপি মনে করে, পরিকল্পিত উন্নয়নের জন্য সরকারের কাঠামো ও লোকবল প্রস্তুত নেই। বিআইপি'র সহ-সভাপতি সৈয়দ শাহরিয়ার আমিন স্থানিক পরিকল্পনার দীর্ঘমেয়াদী গুরুত্ব এবং দেশের সামাজিক,

অর্থনৈতিক ও পরিবেশগত সব পরিকল্পনাকে এক কাঠামোর আওতায় আনার গুরুত্ব ব্যাখ্যা করেন। যুগ্ম সম্পাদক তামজিদুল ইসলাম বলেন, স্থানিক পরিকল্পনা কাঠামো বাস্তবায়নের মাধ্যমে সরকারের অনেক অর্থ সাশ্রয় হবে, ডুপ্লিকেসি এড়ানো যাবে এবং অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন করা যাবে বলে মন্তব্য করেন। পরিকল্পনবিদ তামান্না বিনতে রহমান সরকারের কাছে পরিকল্পনাগত মতামতের জন্য স্বতন্ত্র মন্ত্রণালয়ের প্রয়োজনীয়তা তুলে ধরেন। বোর্ড সদস্য পরিকল্পনবিদ মোঃ আবু নাইম সোহাগ বলেন, পরিকল্পনবিদদের অবহেলা করা হচ্ছে এবং রাষ্ট্রীয় পরিকল্পনায় তাদের যুক্ত করা উচিত।

সংবাদ সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিআইপি'র বোর্ড সদস্য পরিকল্পনবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনবিদ হোসনে আরা, পরিকল্পনবিদ মোঃ ফাহিম আবেদীন, পরিকল্পনবিদ এ কে এম রিয়াজ উদ্দীন এবং পরিকল্পনবিদ আমিনুল কাইয়ুম প্রমুখ।

## অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের সৌজন্য সাক্ষাৎ

**২৮.০১.২০২৪**

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র নবনির্বাচিত ১৬তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধি দল বিগত ২৮ জানুয়ারি ২০২৪ (রবিবার) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি মহোদয়ের সাথে একটি সৌজন্য সাক্ষাৎ করেন।



এসময় বিআইপি প্রতিনিধি দলের পক্ষ থেকে অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানানো হয় ।

বিআইপি প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট এর সভাপতি পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এবং বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো) পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ।

## Megacities of the Global South in the 2020's শীর্ষক বই এর মোড়ক উন্মোচন এবং 'মেগাসিটির বিবর্তন ও শহরের বাসযোগ্যতার রূপান্তর' শীর্ষক আলোচনা সভা

**৩০.০১.২০২৪**

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র উদ্যোগে বিগত ৩০ জানুয়ারি ২০২৩ (মঙ্গলবার), সকাল ১১:০০ টায় পরিকল্পনাবিদ ড. তসলীম শাকুর ও স্থপতি ড. শায়ের গফুর সম্পাদিত Megacities of the Global South in the 2020's শীর্ষক বই এর মোড়ক উন্মোচন এবং 'মেগাসিটির বিবর্তন ও শহরের বাসযোগ্যতার রূপান্তর' শীর্ষক একটি আলোচনা সভা বিআইপি কনফারেন্স হলরুমে অনুষ্ঠিত হয়।



বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নগর গবেষণা কেন্দ্রের সভাপতি অধ্যাপক নজরুল ইসলাম। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ডীন পরিকল্পনাবিদ অধ্যাপক ড. ইশরাত ইসলাম, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উপদেষ্টা পরিষদ আহ্বায়ক

পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ এবং সাবেক সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান।

অনুষ্ঠানে Megacities of the Global South in the 2020's শীর্ষক বইটি সম্পর্কে বক্তব্য রাখেন বইটির সম্পাদক পরিকল্পনাবিদ ড. তসলীম শাকুর এবং স্থপতি ড. শায়ের গফুর। এছাড়াও বইটির প্রকাশক প্রতিষ্ঠান Knowledgists without Border এর প্রতিষ্ঠাতা জনাব অধ্যাপক সাদেকুল ইসলাম বইটির প্রকাশনা সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন পরিকল্পনাবিদ সালমা এ শফি, পরিকল্পনাবিদ ড. জাহিদ হোসেন খান, পরিকল্পনাবিদ ফারজানা রহমান, সাবেক সহ-সভাপতি পরিকল্পনাবিদ ড. মুহাম্মদ আরিফুল ইসলাম এবং বিআইপি'র প্রতিষ্ঠাতা সভাপতি পরিকল্পনাবিদ ড. গোলাম রহমান।

এছাড়াও অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিআইপি'র বোর্ড সদস্য যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন, পরিকল্পনাবিদ তানভীর রহমান খান, পরিকল্পনাবিদ মোঃ আমিনুর রহমান প্রমুখ।

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সুতিভোলা খালের সীমানা নির্ধারণ, পরিবেশ উন্নয়ন এবং সামগ্রিক ব্যবস্থাপনা বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে সুতিভোলা খাল পরিদর্শন।**

**০৭.০২.২০২৪**

সুতিভোলা খালের সীমানা নির্ধারণ, পরিবেশ উন্নয়ন এবং সামগ্রিক ব্যবস্থাপনা বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে একটি বিশেষজ্ঞ দল বিগত ৭ ফেব্রুয়ারি ২০২৪, সকাল ১১:০০ টায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম এর নেতৃত্বে সুতিভোলা খাল পরিদর্শন করেন। এই দলে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র প্রতিনিধিত্ব করেন বিআইপি'র যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম। মেয়রের উপস্থিতিতে অবৈধ ইটের তৈরি ওয়াল ভেঙে দিয়ে প্রায় আধা কিলোমিটার জায়গা দখলমুক্ত করা হয়। মেয়র আতিকুল ইসলাম জানান, খালের উন্নয়নে মাস্টারপ্ল্যান তৈরি হচ্ছে এবং এডিবি (এশীয়ান উন্নয়ন ব্যাংক) সহযোগিতায় আগ্রহী। তিনি উল্লেখ করেন, ঢাকার যানজট নিরসনে নৌপথ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং সুতিভোলা খালে নৌপথ চালু হবে। এছাড়া, মিরপুর রূপনগর খাল হয়ে তুরাগ নদ পর্যন্ত নৌপথ চালুর পরিকল্পনাও রয়েছে।



বিশেষজ্ঞদের সঙ্গে আলাপ করে মেয়র জানান, সব নৌপথে সংযোগ সৃষ্টির জন্য পর্যাপ্ত বাজেট প্রয়োজন এবং জনগণের সহযোগিতায় দ্রুত কার্যক্রম শুরু করা যাবে। তিনি আরও বলেন, ঢাকার জলাবদ্ধতা নিরসনে এবং পানি প্রবাহ ঠিক রাখতে খাল পরিষ্কার ও দখলমুক্ত করার কার্যক্রম অব্যাহত থাকবে। মেয়র আতিকুল ইসলাম বাংলাদেশের ইনস্টিটিউট অব প্ল্যানার্সের অবদানকে বিশেষভাবে স্মরণ করেন এবং ভবিষ্যৎ কর্মকাণ্ডেও নগর পরিকল্পনাবিদদের অব্যাহত সহযোগিতা কামনা করেন।

পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম পরিদর্শনের সময় জানান, খালের তলদেশে ওয়াসার স্থাপিত পানির পাইপের কারণে বর্ষাকালে খালসমূহে নৌযান চলাচল ব্যহত হচ্ছে এবং শীতকালেও স্বাভাবিক পানি প্রবাহে বাধা সৃষ্টি হচ্ছে। এজন্য খালের তলদেশের আরও নিচ দিয়ে ওয়াসার পানি সরবরাহের পাইপ স্থাপনের ব্যবস্থা করতে হবে। তিনি পরামর্শ দেন, ওয়াসার ওয়াটার নেটওয়ার্কিং সংক্রান্ত সকল পরিকল্পনা ঢাকা মহানগরের বিশদ অঞ্চল পরিকল্পনার সাথে সম্পৃক্ত করে বাস্তবায়ন করা উচিত।

## Spatial Planning Framework for Bangladesh (বাংলাদেশের স্থানিক পরিকল্পনা কাঠামো) সম্পর্কিত ওরিয়েন্টেশন সেমিনার আয়োজন

**১৪.০২.২০২৪**



বিগত ১৪ ফেব্রুয়ারি ২০২৪ (বুধবার) বিআইপি কর্তৃক প্রণীত Spatial Planning Framework for Bangladesh (বাংলাদেশের স্থানিক পরিকল্পনা কাঠামো) সম্পর্কিত একটি ওরিয়েন্টেশন সেমিনার বিআইপি কনফারেন্স হলরুমে অনুষ্ঠিত হয়।

বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, (অবঃ) সচিব এবং ড. কাজী আনোয়ারুল হক, (অবঃ) অতিরিক্ত সচিব বাংলাদেশ সরকার। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনাবিদ এ কে এম রিয়াজ উদ্দিন, বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন এবং পরিকল্পনবিদ মোহাম্মদ হিশাম উদ্দিন চিশতী। আলোচকগণ বাংলাদেশের স্থানিক পরিকল্পনা কাঠামোর গুরুত্ব তুলে ধরেন এবং একে প্রাতিষ্ঠানিকীকরণ জন্য সকলের সহযোগীতা কমনা করেন। এছাড়াও ওরিয়েন্টশন সেমিনারে বাংলাদেশ সিভিল সার্ভিসের অবসরপ্রাপ্ত সচিব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, বিআইপি কর্তৃক প্রস্তুতকৃত পরিকল্পনাবিদ জন্য স্বতন্ত্র ক্যাডার সার্ভিস চালু বিষয়ে প্রস্তাবিত প্ল্যানিং ক্যাডার সার্ভিসের নীতিমালাটি সকলের সামনে উপস্থাপন করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান। ওরিয়েন্টেশন সেমিনারে বিআইপির কার্যনির্বাহী পরিষদের অন্যান্য সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম রসাহাগ এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন এবং অনলাইনে সংযুক্ত ছিলেন পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান ও পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান।

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ৫২'র সকল ভাষা শহীদদের প্রতি বিআইপির বিনম্র শ্রদ্ধা

**২১.০২.২০২৪**

বিগত বুধবার (২১ ফেব্রুয়ারি ২০২৪) অমর একুশ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে দেশের নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র পক্ষ থেকে জাতীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে বায়ান্নর ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।




বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পন করেন ইনস্টিটিউট এর সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মু: মোসলেহ উদ্দীন হাসান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ,

পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন, বিআইপি উপদেষ্টা পরিষদ আহ্বায়ক পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ এবং বিআইপি'র অনান্য সম্মানিত সদস্যগণ সহ কর্মকর্তা-কর্মচারীরাগণ।

শ্রদ্ধা নিবেদন শেষে মায়ের মুখের ভাষার জন্য আত্মত্যাগকারী সকল শহীদদের আত্মার শান্তি কামনা করা হয়। এছাড়াও, গণমুখি পরিকল্পনা প্রণয়ণ ও বাস্তবায়নের উদ্দেশ্যে বাংলা ভাষায় দেশের সব স্তরের পরিকল্পনা প্রস্তুতসহ দাপ্তরিক সকল ক্ষেত্রেই বাংলা ভাষা ব্যবহারের দাবী জানানো হয়।

## বিআইপি'র ৫০ বছর পূর্তি উদযাপনের অংশ হিসেবে বার্ষিক বনভোজন আয়োজন

### ২৩.০২.২০২৪

বিআইপি'র বার্ষিক বনভোজন বিগত ২৩ ফেব্রুয়ারি ২০২৪ চাঁদপুরে অনুষ্ঠিত হয়। সাধারণত এটি সব সদস্যদের জন্য একটি মিলনমেলার সুযোগ সৃষ্টি করে। বনভোজনের দিন সকালে সকলে একত্রিত হয়ে লঞ্চের মাধ্যমে নির্ধারিত স্থানে যাওয়া হয়। সকালের নাস্তার মাধ্যমে দিনটি শুরু হয়। এরপর শুরু হয় বিভিন্ন ধরণের খেলাধুলা ও প্রতিযোগিতা, যেমনঃ পিলো পাসিং, হাড়ি ভাঙ্গা প্রতিযোগিতা ইত্যাদি।



প্রতিযোগিতাগুলোতে অংশগ্রহণকারীদের মাঝে প্রবল উৎসাহ ও উদ্দীপনা দেখা যায়। বিআইপি'র বার্ষিক বনভোজন সদস্যদের ব্যস্ত জীবনের চাপ থেকে মুক্তি দেয় এবং নতুন উদ্যমে কাজ করার অনুপ্রেরণা যোগায়।

বার্ষিক বনভোজন সুষ্ঠু ভাবে সম্পাদনের জন্য সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ (আহ্বায়ক) ও পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন (সদস্য)। বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্যদিয়ে দিনব্যাপী অনুষ্ঠানের সমাপ্তি হয়।

## Urban Planning and Management Framework of India শীর্ষক পাবলিক লেকচার আয়োজন

### ২৮.০২.২০২৪

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র উদ্যোগে বিগত ২৮ ফেব্রুয়ারি ২০২৪ (বুধবার), বিকাল ৫:০০ টায় রাজধানীর বাংলামোটরস্থ প্ল্যানার্স টাওয়ারের বিআইপি কনফারেন্স হলে Urban Planning and Management Framework of India শীর্ষক পাবলিক লেকচার অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট অব টাউন প্ল্যানার্স, ইন্ডিয়া এর সেক্রেটারি জেনারেল শ্রী ভি. পি. কুলশ্রেষ্ঠ।




অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ইনস্টিটিউট এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান বাংলাদেশে নগর পরিকল্পনার সূচনা, পরিকল্পনা পেশা এবং পরিকল্পনাবিদদের ইতিহাস ও অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। এসময় তিনি অনুষ্ঠানের প্রধান বক্তা শ্রী ভি. পি. কুলশ্রেষ্ঠ মহোদয়ের বর্ণীল কর্মজীবন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করেন। একইসাথে ভাতৃপ্রতিম দুই দেশের নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠানদ্বয়ের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের সম্প্রসারণের মাধ্যমে ভবিষ্যতে পারস্পরিক সহযোগিতা ও জ্ঞানের বিনিময় চলমান থাকবে বলে আশবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে Urban Planning and Management Framework of India শিরোনামে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অনুষ্ঠানের প্রধান বক্তা ইনস্টিটিউট অব টাউন প্ল্যানার্স, ইন্ডিয়া এর সেক্রেটারি জেনারেল শ্রী ভি. পি. কুলশ্রেষ্ঠ।

বাংলাদেশ ও ভারত, দক্ষিণ এশিয়ার দুই প্রতিবেশী দেশ, যাদের অভিন্ন ইতিহাস, ভৌগলিক নিদর্শন, সংস্কৃতি এবং ঐতিহ্য রয়েছে। ফলস্বরূপ, ভারতে সফলভাবে বাস্তবায়িত নগর পরিকল্পনা নীতিটি আমাদের দেশের নির্দিষ্ট চাহিদা পূরণের জন্য কিছু প্রয়োজনীয় পরিবর্তনের সাথে বাংলাদেশেও বাস্তবায়ন করা যেতে পারে। বাংলাদেশে নগরায়ন দ্রুত বৃদ্ধি পাচ্ছে, এবং এটি দেশের জন্য কিছু উল্লেখযোগ্য চ্যালেঞ্জ তৈরি করেছে, যেমন আবাসন ঘাটতি, যানজট এবং পরিবেশগত অবনতি। তাই জনগণ ও দেশের চাহিদা পূরণ করে এমন একটি টেকসই নগর পরিকল্পনা নীতি গড়ে তোলা অপরিহার্য। ভবিষ্যতে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এবং ভারতের ইনস্টিটিউট অব টাউন প্ল্যানার্স (আইটিপিআই) একসঙ্গে কাজ করবে। এই সহযোগিতা উভয় দেশকে তাদের জ্ঞান, এবং দক্ষতা উন্নয়নে সাহায্য করতে পারবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে আরও মধ্যে বক্তব্য রাখেন বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এবং সাবেক সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. এ কে এম আবুল কালাম এবং পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআইপি সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন ও পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ ও পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন, ওয়ার্কস ফর বেটার বাংলাদেশ ট্রাস্ট এর পরিচালক গাউস পিয়ারী, জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচীর প্রতিনিধি জনাব শশাঙ্কর চন্দ্র দাস, কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড এর জনাব মনীষ কুমার আগারওয়াল, ইয়ুথ পলিসি ফোরাম এর জনাব নাফিসা বিনতে ফরিদ প্রভা, সেভ দ্য চিলড্রেন এর জনাব মোঃ ওবায়দুল ইসলাম সহ প্রমুখ।

## 'বেইলি রোডের অগ্নিকান্ড এবং ভবনে জীবনের নিরাপত্তাঃ বিআইপি'র পর্যবেক্ষণ ও প্রস্তাবনা' শীর্ষক সংবাদ সম্মেলন

**০২.০৩.২০২৪**

সাম্প্রতিক সময়ে বাংলাদেশের নগর এলাকাসমূহে অগ্নিকান্ডের ঝুঁকি বেড়ে গেছে, ফলে জীবন ও সম্পদের অপূরণীয় ক্ষতি হচ্ছে। সঠিক নগর পরিকল্পনা, নিরাপদ ভবন নির্মাণ, উন্নয়ন ব্যবস্থাপনা ও সেবা সংস্থার জবাবদিহি নিশ্চিতকরণের মাধ্যমে এ ধরনের অগ্নিকান্ড এড়ানো সম্ভব। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে ২ মার্চ ২০২৪ তারিখে প্ল্যানার্স টাওয়ারে "বেইলি রোডের অগ্নিকান্ড এবং ভবনে জীবনের নিরাপত্তাঃ বিআইপি'র পর্যবেক্ষণ ও প্রস্তাবনা" শীর্ষক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। বিআইপি সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসানের সঞ্চালনায় অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান মূল প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি জানান, বেইলি রোডের গ্রিন কোজি কটেজ ভবনটির প্রথম থেকে পঞ্চম তলা বাণিজ্যিক ও ষষ্ঠ-সপ্তম তলা আবাসিক ব্যবহারের জন্য অনুমোদিত ছিল। রেস্তোরাঁ বা শোরুমের জন্য কোনো অনুমোদন ছিল না, যা ইমারত আইন ও নগর পরিকল্পনার ব্যত্যয়। অতীতের মতো এই অগ্নিকান্ডকেও হত্যাকান্ড হিসেবে বিবেচনা করা উচিত। সংশ্লিষ্ট সংস্থা ও ব্যক্তির গাফিলতি ও উদাসীনতা না থামালে এর পুনরাবৃত্তি ঘটবে। সম্মেলনে বিআইপি'র সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, পরিকল্পনাবিদ সাধারণ সম্পাদক শেখ মুহম্মদ মেহেদী আহসান, পরিকল্পনাবিদ যুগ্ম সম্পাদক তামজিদুল ইসলাম, ও কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মোঃ মোসলেহ উদ্দীন হাসান বক্তব্য রাখেন।



সংবাদ সম্মেলনে বিআইপি সভাপতি পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান বেইলি রোডের অগ্নিকান্ড এবং ভবনে জীবনের নিরাপত্তার বিষয়ে নগর এলাকায় অগ্নি দূর্ঘটনা প্রতিরোধে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র পক্ষ থেকে নিম্নোক্ত প্রস্তাবনা সমূহ উপস্থাপন করেন

### নগর ও কমিউনিটি ভিত্তিক প্রস্তাবনাঃ

১. নগর পরিকল্পনার মানদন্ড অনুযায়ী ঢাকা শহরে ভবনের সেটব্যাক তথা ভবনের পাশে রাখা বাধ্যতামূলক খালি জায়গার পরিমাণ নিয়ে নতুন করে ভাবতে হবে ও নির্মাণ বিধিমালার প্রয়োজনীয় সংশোধন আনতে হবে।

২. কমার্শিয়াল ভবনের অনুমতি নেয়ার ক্ষেত্রে F-1, F-2, F-3 ক্যাটাগরি রয়েছে কিন্তু ব্যবহার এর ক্ষেত্রে এর ব্যত্যয় দেখা যায় অনেক ক্ষেত্রেই।

৩. বিএনবিসিতে রেস্তোরাঁকে শিল্পের ক্যাটাগরিতে রাখা হয়েছে। কিন্তু রেস্তোরাঁর জন্য প্রস্তাবিত ইমারত নির্মাণ বিধিমালাতেই একটি আলাদা ক্যাটাগরি করা দরকার।

৪. রেস্তোরাঁসহ ভবনের বিভিন্ন মিশ্র ও বিপদজনক ব্যবহারের জন্য পরিকল্পনা অনুমোদন বা প্ল্যানিং এসেসমেন্ট রিপোর্ট বাধ্যতামূলক করা প্রয়োজন।

**ভবন ভিত্তিক প্রস্তাবনাঃ**

১. অনেক ভবন নিয়ম অনুযায়ী ২টি সিঁড়ি রাখলেও ফায়ার এক্সিটের সিঁড়িটা অনেকে গুদামঘর হিসেবে ব্যবহার করে। এক্ষেত্রে জরুরী বহির্গমনের সিঁড়ি অন্য কোন কাজে বা উদ্দেশ্যে ব্যবহার করার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নিরৎসাহিত করতে হবে।

২. অনেকেই ভবনের ব্যবহার পরিবর্তন করে অ-আবাসিক ক্যাটাগরিতে ফেলে। এই “অ-আবাসিক” নামের ব্যবহার করে আবাসিক ভবন বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কঠোর হতে হবে।

**সুশাসন ভিত্তিক প্রস্তাবনাঃ**

১. রাষ্ট্রের সংস্থাগুলো শক্তিশালী পেশিশক্তির কাছে নমনীয় হবার কারণে অনেক ভবনকে নিয়মের মধ্যে নিয়ে আসতে বা আইন প্রয়োগ করতে পারছে না। এক্ষেত্রে রাষ্ট্র যন্ত্রকে ভবন নির্মাণ ও ব্যবহার সম্পর্কিত আইন মানার বিষয়ে নিরপেক্ষভাবে জিরো-টলারেন্স নীতি অনুসরণ করতে হবে।

২. রাজউকের কাছে পূর্বের ডাটাবেজ রয়েছে যে কোন ভবন কোন ক্যাটাগরিতে পারমিশন নেওয়া আছে। সেই ডাটাবেজের মাধ্যমে এখনকার DAP কে যুক্ত করে যে সকল ভবন অনুমতি না নিয়ে ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করছে সে সকল ভবনকে চিহ্নিত করে ব্যবস্থা নেয়া যেতে পারে।

৩. বিদ্যমান আইনে প্লটের ব্যবহার পরিবর্তন করবার আইনি সুযোগ রয়েছে কিন্তু একবার বিল্ডিং হয়ে গেলে ভবনের ব্যবহার পরিবর্তন করলেই ভবনের নিরাপত্তা মারাত্মকভাবে ব্যত্যয় হয়। এক্ষেত্রে ভবনের ব্যবহার পরিবর্তন বা রূপান্ড়র করার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আরও কঠোর অবস্থান গ্রহণ করতে হবে।

**অন্যান্য প্রস্তাবনাঃ**

১. গ্যাস স্বল্পতার কারণে সরকার গ্যাস সিলিন্ডার ব্যবহারকে উৎসাহিত করছে, কিন্তু এদের ব্যবহার ও ব্যবস্থাপনায় নিরাপত্তার পর্যাপ্ত ঘাটতি রয়েছে, যার কারণে অগ্নিকান্ডের ঘটনা ঘটছে। ফলে গ্যাস সিলিন্ডার ব্যবহার ও ব্যবস্থাপনার কার্যকর কৌশল, নজরদারি ও দায়বদ্ধতা নিশ্চিত করা প্রয়োজন।

২. ঢাকা শহরের ভবনগুলোতে ফায়ার সেফটির জন্য ফায়ার ড্রিল করানোর উদ্যোগ নিতে হবে।

৩. বহুতল ও বিশেষ ব্যবহারের ভবনে অগ্নি নিরাপত্তা নিশ্চিত করতে ফায়ার এক্সটিংগুইশার, ফায়ার এলার্ম এগুলো ছিল কিনা তা তদারকি করা প্রয়োজন। ভবনের সেফটি অডিট করানোর উদ্যোগ নিতে হবে।

এছাড়াও সংবাদ সম্মেলনে বিআইপি বোর্ড সদস্য পরিকল্পনাবিদ হোসনে আরা এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীনসহ অন্যান্য পরিকল্পনাবিদ সদস্যগণ উপস্থিত ছিলেন।

## বিআইপি'র ৫০ বছর পূর্তি উদযাপনের অংশ হিসেবে বার্ষিক ক্রীড়া উৎসব আয়োজন

**০৮.০৩.২০২৪**

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র ৫০ বছর পূর্তি উদযাপনের অংশ হিসেবে ৮ মার্চ ২০২৪ তারিখে দেশের ৭টি বিশ্ববিদ্যালয়ের প্ল্যানার্স অ্যালামনাই সংগঠনের সদস্য এবং শিক্ষার্থীদের অংশগ্রহণে 'বার্ষিক ক্রীড়া উৎসব ২০২৪' বুয়েট কেন্দ্রীয় মাঠে অনুষ্ঠিত হয়। বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান উৎসবের উদ্বোধন করেন। এছাড়াও উপস্থিত ছিলেন বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন। উপদেষ্টা পরিষদের আহ্বায়ক পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ,



সাবেক সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সাবেক কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ মোঃ আলিম আল রাজী, সিনিয়র পরিকল্পনাবিদ সদস্য এবং সংশ্লিষ্ট অ্যালামনাই প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

বার্ষিক ক্রীড়া উৎসবের মূল আকর্ষণ ছিল প্ল্যানার্স ক্রিকেট টুর্নামেন্ট এবং উইমেন প্ল্যানার্স ব্যাডমিন্টন টুর্নামেন্ট। দর্শকদের জন্য উন্মুক্ত দাবা, লুডু, ক্যারাম, ডার্ট থ্রো এবং ব্যাডমিন্টন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। একইসাথে বাচ্চাদের জন্য বয়সভিত্তিক বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়। ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয় রুয়েট আরবান প্ল্যানার্স এসোসিয়েশন এবং রানার্স আপ হয় অ্যালামনাই এসোসিয়েশন অব কুয়েট প্ল্যানার্স। উইমেন প্ল্যানার্স ব্যাডমিন্টন টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হন পরিকল্পনাবিদ ফারিয়া ইয়াসমিন (এএম-১৭৬৯) এবং রানার্স আপ হন পরিকল্পনাবিদ অধ্যাপক ড. কাশফিয়া নাহরিন (এফ-৩৬৮)। বিআইপি'র বর্ষিক ক্রিয়া অনুষ্ঠান আয়োজনের সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন (আহ্বায়ক), পরিকল্পনাবিদ হোসনে আরা (সদস্য), এবং পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ (সদস্য)। প্রতিযোগিতা শেষে উপস্থিত অতিথিগণ বিজয়ীদের হাতে পুরষ্কার ও ট্রফি তুলে দেন।

## মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা জনাব সালমান এফ রহমানের সাথে বিআইপি'র ১৬তম কার্যনির্বাহী পরিষদ প্রতিনিধিদের সৌজন্য সাক্ষাৎ

**১৩.০৩.২০২৪**

বিগত ১৩ মার্চ ২০২৪, বুধবার বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র ১৬তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধি দল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমানের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।



সাক্ষাতে উপদেষ্টা মহোদয়কে বিআইপি'র পরিচিতি, কার্যক্রম, সরকারের পরিকল্পনা সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকান্ডে বিআইপি'র সম্পৃক্ততা ইত্যাদি বিষয়ে একটি সংক্ষিপ্ত ধারণা দেয়া হয়। পরিকল্পনাবিদদের জন্য স্বতন্ত্র ক্যাডার সার্ভিস চালুর বিষয়ে উপদেষ্টা মহোদয়ের বিশেষ সহযোগীতা চাওয়া হয়।

উপদেষ্টা মহোদয় দেশের টেকসই উন্নয়নে বাংলাদেশ সরকার এর প্রতি বিআইপি'র সর্বাত্মক সহযোগিতা প্রাপ্তির আশাবাদ ব্যক্ত করেন এবং একইসাথে বিআইপি'র লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে এবং পরিকল্পনাবিদদের জন্য স্বতন্ত্র ক্যাডার সার্ভিস চালুর বিষয়ে বিআইপি'র পাশে থাকার আশ্বাস প্রদান করেন।

বিআইপি'র প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট এর সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো) পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ এবং বোর্ড সদস্য (মেম্বারশীপ এফেয়ার্স) পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন।

## রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর প্রধান নগর পরিকল্পনাবিদ হিসেবে পদোন্নতি পাওয়ায় জনাব মোঃ আশরাফুল ইসলামকে বিআইপি সম্মাননা' প্রদান অনুষ্ঠান ও ইফতার মাহফিল ২০২৪

**১৯.০৩.২০২৪**

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এ প্রধান নগর পরিকল্পনাবিদ হিসেবে পদোন্নতি পাওয়ায় বিআইপি'র ফেলো সদস্য পরিকল্পনাবিদ মোঃ আশরাফুল ইসলাম-কে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র পক্ষ থেকে 'বিআইপি সম্মাননা' প্রদান করা হয়। বিগত ১৯ মার্চ ২০২৪ তারিখে বিআইপি কার্যালয়ে এ সম্মাননা প্রদান ও ইফতার মাহফিল অনুষ্ঠানের আয়োজন করা হয়। পরিকল্পনাবিদ মোঃ আশরাফুল ইসলাম এসময় বিআইপিকে ধন্যবাদ জানান এবং নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনা এবং উন্নয়নে কাজ করে যাবার প্রত্যয় করেন।







বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় সম্মাননা প্রদান অনুষ্ঠানে এ সময় উপস্থিত ছিলেন বিআইপি'র উপদেষ্টা পরিষদের আহ্বায়ক পরিকল্পনাবিদ ড. আকতার

মাহমুদ, প্রতিষ্ঠাতা সভাপতি পরিকল্পনাবিদ ড. গোলাম রহমান এবং সাবেক সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান। অনুষ্ঠানে পরিকল্পনাবিদ মোঃ আশরাফুল ইসলাম-কে বিআইপি'র পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন বিআইপি'র সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন ও পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, যুগ্ম সম্পাদক, বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স) পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন) পরিকল্পনাবিদ হোসনে আরা, বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো) পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ এবং বোর্ড সদস্য (মেম্বারশীপ এফেয়ার্স) পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন। এছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিআইপি'র সাবেক সহ-সভাপতি পরিকল্পনাবিদ সালমা এ. শফী, পরিকল্পনাবিদ ড. মুহাম্মদ আরিফুল ইসলাম, পরিকল্পনাবিদ ড. চৌধুরী মোঃ যাবের সাদেক, নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্ল্যানার পরিকল্পনাবিদ মাকসুদ হাসেম, পরিকল্পনাবিদ শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান প্রমুখ।

ইফতার আয়োজন সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি (আহ্বায়ক), পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম (সদস্য), পরিকল্পনাবিদ হোসনে আরা (সদস্য), এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন (সদস্য)

## নগর উন্নয়ন সাংবাদিকতার সাথে সম্পৃক্ত গণমাধ্যম কর্মীদের সম্মানে বিআইপি আয়োজিত ইফতার মাহফিল

**২৩.০৩.২০২৪**

বিগত ২৩ মার্চ ২০২৪ তারিখে নগর উন্নয়ন সাংবাদিকতার সাথে সম্পৃক্ত গণমাধ্যম কর্মীদের সম্মানে বিআইপি আয়োজিত এক ইফতার মাহফিল বিআইপি হল রুমে অনুষ্ঠিত হয়। বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে এবং ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় উক্ত ইফতার মাহফিলে অর্ধ শতাধিক গণমাধ্যম কর্মী অংশগ্রহণ করেন।




ইফতার মাহফিলে বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান ইনস্টিটিউটের দ্বি-বার্ষিক কর্মপরিকল্পনার একটি সারসংক্ষেপ গণমাধ্যম কর্মীদের সামনে তুলে ধরেন। এসময় রাজধানী ঢাকাসহ সমগ্র বাংলাদেশের সমন্বিত ও পরিকল্পিত উন্নয়ন ব্যবস্থাপনা নিশ্চিতকরণে নগর পরিকল্পনাবিদ এবং সংশ্লিষ্ট গণমাধ্যম কর্মীদের ভূমিকা সম্পর্কিত একটি দিনব্যাপী কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।

ইফতার মাহফিলে আরও উপস্থিত ছিলেন বিআইপি'র সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন, নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র পরিকল্পনাবিদ জনাব মোঃ মাকসুদ হাসেম প্রমুখ।

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন

**২৬.০৩.২০২৪**




প্রতি বছরের ন্যায় এবছরও ২৬ মার্চ ২০২৪ (মঙ্গলবার) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে দেশের নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র পক্ষ থেকে সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল মুক্তিযোদ্ধা, বীর শহীদসহ জাতির স্বাধীনতা ও মুক্তি সংগ্রামে অবদান রাখা সকল আত্মত্যাগকারীদের প্রতি গভীর সম্মান ও শ্রদ্ধাঞ্জলি জানানো হয়। পুষ্পার্ঘ্য অর্পণের সময় বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এর নেতৃত্বে উপস্থিত ছিলেন বিআইপি'র সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, বোর্ড সদস্য

পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা এবং পরিকল্পনাবিদ মো: ফাহিম আবেদীন। এছাড়াও পরিকল্পনাবিদ মোঃ রেদোয়ানুর রহমান হৃদম সহ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বিআইপি স্টুডেন্ট চ্যাপ্টারের প্রতিনিধিগণ ।

## Private Residential Land Development Rule: Updates, Compliance and Beyond শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

**৩০.০৩.২০২৪**



বিগত ৩০ মার্চ ২০২৪ শনিবার বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর 'পেশাগত দক্ষতা উন্নয়ন কর্মসূচী'র আওতায় Private Residential Land Development Rule: Updates, Compliance and Beyond শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা বিআইপি কার্যালয়ে আয়োজন করা হয়।

প্রশিক্ষণ কর্মশালাটির উদ্বোধন করেন বিআইপি'র সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স), পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি এর তত্ত্বাবধানে উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষক হিসেবে ছিলেন পরিকল্পনাবিদ মো. আসাদুজ্জামান ও পরিকল্পনবিদ মোহাম্মদ আমিনুল কাইয়ুম। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় নগর পরিকল্পনাবিদ পেশাজীবীরা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান প্রশিক্ষণার্থীদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেন। সনদ প্রদান অনুষ্ঠানে অন্যান্য বোর্ড সদস্যদের মধ্যে পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ ও পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে বিআইপি প্রতিনিধির দ্বি-পাক্ষিক আলোচনা সভা

**০৩.০৪.২০২৪**



সারা দেশের পরিকল্পিত ও সুষম উন্নয়ন ব্যবস্থাপনা নিশ্চিতকরণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) যৌথভাবে কাজ করবে। এছাড়াও সারাদেশের পরিকল্পিত নগরায়নে উপজেলা পর্যায় পর্যন্ত মহাপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে মন্ত্রণালয়ের সক্রিয়তা বৃদ্ধি, সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণা, মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ইত্যাদি বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স পারস্পরিক সহযোগিতা প্রদান করবে।

বিগত ৩ এপ্রিল ২০২৪ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী, এমপি মহোদয়ের কার্যালয়ে এক দ্বি-পাক্ষিক আলোচনা সভায় এমন সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা সভার বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পক্ষ থেকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সকল অধিদপ্তর, পরিদপ্তর ও দপ্তর/সংস্থার কোন কোন অধিক্ষেত্রে মন্ত্রণালয়কে সহযোগিতা করতে পারবে এই মর্মে একটি ধারণাপত্র মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট উপস্থাপন করেন। এসময় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র যৌথভাবে কাজ করবার বিষয়ে নিম্নলিখিত সম্ভাবনাময় ক্ষেত্রসমূহ উল্লেখ করা হয়ঃ

১. নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনা / স্থানিক পরিকল্পনা সংক্রান্ত নীতি-কৌশল, আইন, বিধি-বিধান প্রণয়নে এ সংক্রান্ত কারিগরী কমিটি'র সদস্য হয়ে বিশেষজ্ঞ মতামত প্রদান;

২. মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত সকল উন্নয়ন সংস্থা ও এ জাতীয় পরিকল্পনা প্রণয়ন/অনুমোদন/বাস্তবায়ন বিষয়ক প্রতিষ্ঠানের বিধি-বিধান, পরিচালনা, জনবল কাঠামো প্রভৃতি সংশ্লিষ্ট বিষয় পরিমার্জন/হালনাগাদ/উন্নয়নের জন্য গঠিত কমিটির সদস্য হয়ে প্রয়োজনীয় বিশেষায়িত মতামত প্রদান ও যথাযথ ভূমিকা রাখা;

৩. দেশব্যাপী জলবায়ু পরিবর্তন এবং দূর্যোগের অভিঘাত সহনশীল নিরাপদ ও টেকসই নগর ও বসতি গড়ে তুলতে জনসাধারণের সম্পৃক্ততা, অংশীদারিত্ব ও করণীয় সম্পর্কে ধারণ উন্নয়নে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও প্রচার প্রচারণায় মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে কাজ করা;

৪. মন্ত্রণালয়ের মাধ্যমে সরকারের গৃহীত বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে বিশেষায়িত পেশাজীবী প্রতিষ্ঠান হিসেবে মতামত প্রদানসহ সহযোগী ভূমিকা পালন করা / সহযোগিতা করা;

৫. পরিকল্পনা বাস্তবায়ন, ভূমি উন্নয়ন, আবাসন, ভবন নির্মাণ, পরিবেশ সংরক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে মন্ত্রণালয়ের উদ্যোগে গৃহীতব্য নীতি/কৌশল/পরিকল্পনা/বৃহৎ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে কারিগরি মতামত প্রদানসহ সহযোগিতা করা;

৬. মন্ত্রণালয়ের অধীনস্থ সকল উন্নয়ন কর্তৃপক্ষের ইমারত নকশা অনুমোদন কমিটি'তে বিআইপি সদস্য পরিকল্পনাবিদদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করবার মাধ্যমে পরিকল্পিত নগর গড়তে যথাযথ অবদান ও বলিষ্ঠ ভূমিকা নিশ্চিত করা;

৭. নগর এলাকায় অগ্নি দূর্ঘটনা কমানোর জন্য বিদ্যমান আইন ও নীতির মধ্যে অসংগতি দূর করবার মাধ্যমে অগ্নি নিরাপত্তা বাড়ানোর জন্য গবেষণা সাপেক্ষে প্রয়োজনীয় প্রস্তাবনা দেয়া এবং শহরের পার্ক, উদ্যান, খেলার মাঠ, সবুজ এলাকা ও জলাশয় তৈরি, রক্ষা ও ব্যবস্থাপনাসহ সকলের জন্য কমিউনিটি ও নাগরিক সুবিধাদি নিশ্চিত করতে প্ল্যানিং স্ট্যান্ডার্ড বা পরিকল্পনার মানদন্ড প্রণয়ন করা;

৮. নগর ও স্থানিক পরিকল্পনায় বৃহৎ ও বিশেষায়িত প্রকল্পের প্রভাব যথাযথভাবে বিশ্লেষণ করবার জন্য 'পরিকল্পনাগত প্রভাব বিশ্লেষণ প্রতিবেদন' তৈরি করবার গাইডলাইন প্রস্তুত করা এবং পরিকল্পনা প্রণয়ন সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পের গুণগত মান ও অর্থায়ন এর জন্য সুনির্দিষ্ট মানদন্ড প্রদান করবার মাধ্যমে বিদ্যমান অসংগতি দূর করা;

৯. মহানগরগুলোতে পরিকল্পিত উন্নয়ন নিশ্চিত করতে রাজউক, সিডিএ, কেডিএ, আরডিএ, কক্সডিএ এবং জিডিএ তে এর সক্ষমতা বৃদ্ধিতে তাদের পেশাগত ও কারিগরি দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ট্রেনিং, সিম্পোজিয়াম ও অনুষ্ঠান আয়োজন করা;

১০. মহানগরগুলোর অননুমোদিত এবং আইনের ব্যত্যয় করে যে সব স্থাপনা তৈরি হয়েছে, সেগুলোকে আইনের ভেতর এনে পুনর্গঠন করার লক্ষ্যে টাস্কফোর্স গঠন ও থার্ড পার্টি ফার্মের সহায়তা স্থাপনাগুলোর এসেসমেন্ট সম্পন্ন করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণে কারিগরী সহযোগিতা প্রদান করা;

১১. সকলের জন্য মানসম্মত আবাসন নিশ্চিত করতে জাতীয় আবাসন নীতিমালার আলোকে অগ্রাধিকার সুনির্দিষ্ট করবার জন্য সুনির্দিষ্ট প্রস্তাবনা এবং পরিকল্পনাবিদদের পেশাগত জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগিয়ে জাতীয় আবাসন কর্তৃপক্ষকে আরও গতিশীল করবার পরামর্শ দেয়া;

১২. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-১১ এবং নিউ আরবান এজেন্ডা বাস্তবায়নে 'মধ্যমেয়াদী মূল্যায়ন প্রতিবেদন' প্রস্তুত করে পরবর্তী করণীয় নির্ধারণে কারিগরী সহযোগিতা প্রদান করা;

১৩. পরিকল্পিত নগর ও গ্রাম গড়তে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে মন্ত্রণালয়সহ বিভিন্ন অংশীজনদেরকে সাথে নিয়ে নিয়মিতভাবে আন্তর্জাতিক কনফারেন্স, সেমিনার, সিম্পোজিয়াম, গোলটেবিল বৈঠকসহ অন্যান্য অনুষ্ঠান আয়োজন করাসহ বিশ্ব বসতি দিবস, বিশ্ব শহর দিবস, বিশ্ব নগর পরিকল্পনা দিবসসহ অন্যান্য দিবস পালনে মন্ত্রণালয়কে সহযোগিতা করা;

১৪. ওয়ার্ল্ড আরবান ফোরাম সহ আন্তর্জাতিক ও গুরুত্বপূর্ণ বিভিন্ন কনফারেন্স, সেমিনার, সিম্পোজিয়ামে কারিগরি প্রতিবেদন এর প্রস্তুতিতে সহায়তা ও অন্যান্য ভূমিকায় পেশাজীবী প্রতিষ্ঠান হিসেবে মন্ত্রণালয় এর সহযোগী ভূমিকা এবং 'আরবান নলেজ পার্টনার' হিসেবে দায়িত্ব পালন করা। এক্ষেত্রে মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন সংস্থার ভাল ও তাৎপর্যপূর্ণ উদ্যোগসমূহকে যথাযথভাবে উপস্থাপনের মাধ্যমে দেশের সুনাম বৃদ্ধি করা;

১৫. সারা দেশের নগর, অঞ্চল ও গ্রামীণ এলাকার সমন্বিত, পরিকল্পিত ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সমগ্র দেশের পরিকল্পনা কাঠামো প্রণয়ন একান্ত জরুরি। এ লক্ষ্যে পৌঁছাতে বিআইপি বাংলাদেশের পরিকল্পিত উন্নয়নে সরকারের অভীষ্টকে সামনে রেখে বিশদ গবেষণার মাধ্যমে 'স্থানিক পরিকল্পনা কাঠামো' তথা 'Spatial Planning Framework' তৈরি করেছে। ইতোমধ্যে এই 'স্থানিক পরিকল্পনা কাঠামো' বিআইপি'র উদ্যোগে সরকারের নীতি নির্ধারনী পর্যায়ে প্রদান করা হয়েছে। সারা দেশের নগর, অঞ্চল ও গ্রামীণ এলাকার সমন্বিত, পরিকল্পিত ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে 'স্থানিক পরিকল্পনা কাঠামো'র মাধ্যমে সারা দেশের 'জাতীয় স্থানিক (ভৌত) পরিকল্পনা' তথা 'Spatial Planning Framework' প্রণয়নে মন্ত্রণালয়কে সব ধরনের কারিগরী সহায়তা প্রদান করা।

বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান মাননীয় মন্ত্রী মহোদয়কে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক আধুনিকায়নের প্রয়োজনীয়তার কথা বলেন। তিনি উল্লেখ করেন, নগর উন্নয়ন অধিদপ্তর সারাদেশের স্থানিক পরিকল্পনা প্রণয়নের দায়িত্বপ্রাপ্ত হওয়ায়, মহাপরিকল্পনা অনুযায়ী উন্নয়ন নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। ২০৪১ সালের মধ্যে পরিকল্পিত, উন্নত এবং স্মার্ট বাংলাদেশ গঠনের লক্ষ্যে এই আধুনিকায়ন অপরিহার্য। তিনি আরও বলেন, নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক পদটি 'প্রধান পরিকল্পনাবিদ (গ্রেড-১)' পদে উন্নীত করা এবং জেলা পর্যায়ে এর কার্যালয় সম্প্রসারণ জরুরী। এ লক্ষ্যে বিআইপি নগর উন্নয়ন অধিদপ্তরের নিয়োগ, পদোন্নতি ও উচ্চতর গ্রেড প্রদানের

জন্য খসড়া নিয়োগ বিধিমালা ও অর্গানোগ্রাম প্রণয়নের জন্য গঠিত কারিগরী কমিটিতে বিআইপি'র প্রতিনিধি অন্তর্ভুক্তির অনুরোধ জানায়। মাননীয় মন্ত্রী মহোদয় এই অনুরোধে সাড়া দিয়ে নির্দেশনা প্রদান করেন। আলোচনা সভায় গেজেটকৃত ন্যাশনাল বিল্ডিং কোড বাস্তবায়নে 'বিল্ডিং রেগুলেটরি অথোরিটি' গঠন ও টেকসই বাংলাদেশ বিনির্মাণে প্রশিক্ষণ একাডেমী স্থাপনের লক্ষ্যে বিআইপি'র প্লট বরাদ্দের প্রয়োজনীয় বিষয়েও আলোচনা হয়। মন্ত্রী মহোদয় দ্রুত সময়ের মধ্যে এসব বিষয় নিষ্পত্তি করবেন বলে আশ্বাস দেন।

আলোচনা সভায় বিআইপি'র প্রতিনিধি দলে উপস্থিতি সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ অধ্যাপক ড. মু. মোসলেহ্ উদ্দীন হাসান এবং বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ। এছাড়াও রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-র প্রধান নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ আশরাফুল ইসলামসহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## গণপ্রজাতন্ত্রী কোরিয়ান হাইকমিশন বাংলাদেশ এর বাণিজ্যিক বিভাগের মহাপরিচালক এর বিআইপি কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ

**২৪.০৪.২০২৪**



বিগত ২৪ এপ্রিল ২০২৪ তারিখে গণপ্রজাতন্ত্রী কোরিয়ান হাইকমিশন বাংলাদেশ এর বাণিজ্যিক বিভাগের মহাপরিচালক জনাব সামসু কিম বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সাথে বিআইপি কার্যালয়ে একটি সৌজন্য সাক্ষাৎ করেন। উক্ত সাক্ষাতে গ্রিন সিটি, স্মার্ট সিটি, বর্জ্য ব্যবস্থাপনা, স্মার্ট ওয়েস্ট ম্যানেজম্যান্ট, সৌর শক্তির ব্যবহার, ইত্যাদি বিষয়ে কোরিয়া সরকার ও বাংলাদেশ সরকারের যৌথভাবে কাজ করবার ক্ষেত্রসমূহ এবং বিআইপি এক্ষেত্রে কীভাবে সহযোগিতা করতে পারে সে বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়। এছাড়াও তারা কোরিয়ান সরকারের পৃষ্ঠপোষকতায় মীরসরাইয়ে অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগর স্মার্ট সিটি প্রজেক্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও গাজীপুর সিটি কর্পোরেশনে বজ্য ব্যবস্থাপনা প্রকল্প, রংপুরে স্মার্ট সিটি তৈরি প্রভৃতি উদ্যোগের ব্যাপারে বিআইপিকে অবহিত করেন। বিআইপি'র সভাপতি এসময় বিআইপি'র পক্ষ থেকে উপরোক্ত উদ্যোগ সমূহে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন এবং সামনের দিনগুলোতে পারস্পরিক সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সৌজন্য সাক্ষাতে এসময় বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ উপস্থিত ছিলেন।

## Preparation of Development Project Proposal (DPP) শীর্ষক দুই দিনব্যাপী পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা

**২৬.০৪.২০২৪**



বিগত ২৬ এবং ২৭ এপ্রিল ২০২৪ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র 'পেশাগত দক্ষতা উন্নয়ন কর্মসূচী'র আওতায় Preparation of Development Project Proposal (DPP) শীর্ষক দুই দিনব্যাপী একটি পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা বিআইপি কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ কর্মশালাটির উদ্বোধন করেন বিআইপি'র সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স) পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি এর তত্ত্বধানে উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান প্রশিক্ষক ছিলেন পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ (সড়ক পরিবহণ উইং) এর উপপ্রধান পরিকল্পনাবিদ মীর আহমেদ তারিকুল ওমর। এছাড়াও প্রশিক্ষণ কর্মশালায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রকৌ. মোঃ হামিদুল হক, প্রকৌ. তৌফিক কিবরিয়া এবং প্রকৌ. এ. কে. এম. মোস্তফা মোর্শেদ প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় নগর পরিকল্পনাবিদ এবং প্রকৌশলী পেশাজীবীগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এবং সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান প্রশিক্ষণার্থীদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেন। সনদ প্রদান অনুষ্ঠানে অন্যান্য বোর্ড সদস্যদের মধ্যে পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ ও পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন।

## 'ঢাকায় তাপদাহঃ নগর পরিকল্পনা ও উন্নয়ন ব্যবস্থাপনার দায় ও করণীয়' শীর্ষক বিআইপি'র পরিকল্পনা সংলাপ

**০৪.০৫.২০২৪**

বিগত ৪ মে ২০২৪ (শনিবার) সকাল ১১:০০ টায় রাজধানীর বাংলামোটরে অবস্থিত প্ল্যানার্স টাওয়ারের বিআইপি কনফারেন্স হলরুমে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র উদ্যোগে 'ঢাকায় তাপদাহঃ নগর পরিকল্পনা ও উন্নয়ন ব্যবস্থাপনার দায় ও করণীয়' শীর্ষক পরিকল্পনা সংলাপ অনুষ্ঠিত হয়। বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় পরিকল্পনা সংলাপে সভাপতিত্ব করেন বিআইপি'র সভাপতি অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান।

পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান ঢাকা মহানগরীর তাপমাত্রা নিয়ন্ত্রণে বিআইপি'র পক্ষ থেকে প্রস্তাবনা উপস্থাপন করেন, যার মধ্যে ছিল বিদ্যমান সবুজ ও জলাশয় সংরক্ষণ, সবুজায়ন মহাপরিকল্পনা প্রণয়ন, খাল-বিল-জলাশয় পুনরুদ্ধার, এবং পরিবেশ আইন কার্যকর বাস্তবায়ন। এছাড়া তিনি সবুজ বেষ্টনী প্রকল্প গ্রহণ, সড়কের ধারে বৃক্ষরোপণ, জলাশয় রক্ষা, এবং আবাসিক এলাকায় সবুজায়ন বৃদ্ধির উদ্যোগ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। সংলাপে অন্যান্য প্রস্তাবনার মধ্যে ছিল বেসরকারি আবাসিক প্রকল্পের বিধিমালা সংশোধন, প্রতিটি ওয়ার্ডে মাস্টার প্ল্যান প্রণয়ন, এবং ময়লার ভাগাড়, ইটভাটা, যানবাহন ও শিল্পকারখানার ধোঁয়া নিয়ন্ত্রণে ব্যবস্থা গ্রহণ।




বিআইপি'র সাধারণ সম্পাদক মেহেদী আহসান বলেন, বৈশ্বিক উষ্ণায়নের কারণে ঢাকার তাপমাত্রা ৫ থেকে ৬ ডিগ্রি বৃদ্ধি পেয়েছে, যা মূলত প্রাকৃতিক সম্পদের অপব্যবহার ও নগরায়নের ধ্বংসযোগ্য কার্যকলাপের ফলাফল। তিনি ডেল্টা প্ল্যান ও National Adaptation Plan 2022 এর সুপারিশ বাস্তবায়নের উপর জোর দেন এবং রাজউকের মাস্টার প্ল্যান অনুসরণের পরামর্শ দেন। বিআইপি'র ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ বলেন, অপরিকল্পিত নগরায়নের ফলে ঢাকার তাপমাত্রা বৃদ্ধি পেয়েছে এবং রাতের আঁধারে খিলগাঁও শহরে জলাভূমি ভরাট করা হচ্ছে। বিআইপি'র বোর্ড সদস্য পরিকল্পনাবিদ হোসনেআরা নগরের সবুজ এলাকা হ্রাস ও তাপমাত্রা বৃদ্ধি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন এবং ঢাকার তাপদাহ নিয়ন্ত্রণে আরবান হিট মিটিগেশন ও ম্যানেজমেন্ট কৌশল গ্রহণের পরামর্শ দেন। পরিকল্পনাবিদ মোঃ রেদওয়ানুর রহমান বলেন, ঢাকায় এসি ব্যবহারকারী পাঁচ থেকে দশ শতাংশ জনগণ তাপমাত্রা পরিবর্তনের অন্যতম কারণ। এ কারণে সরকারের উচিত এসি ব্যবহার নিয়ন্ত্রণের জন্য নীতিমালা প্রণয়ন করা। পরিকল্পনা সংলাপে এ সময় বিআইপি'র বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন।

## 'নারী পরিকল্পনাবিদ এবং নবীন নারী নেতৃত্ব সম্মাননা' শীর্ষক অনুষ্ঠান আয়োজন

**০৫.০৫.২০২৪**

শিক্ষা, গবেষণা, পরিকল্পনা পেশা, উন্নয়ন ব্যবস্থাপনা ও বেসরকারি সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে নারী পরিকল্পনাবিদদের অবদানকে স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর উদ্যোগে এবং ডেভেলপমেন্ট টেকনোলজি এবং আইডিয়াস লিঃ, জিএসসিএস ইন্টারন্যাশনাল লিঃ, আপন নীর ডিজাইন এন্ড কনস্ট্রাকশন, ইউনিমাস হোল্ডিংস লিঃ এবং কনকর্ড এর সহযোগিতায় বিগত ৫ মে ২০২৪ (রবিবার) তারিখে 'নারী পরিকল্পনাবিদ এবং নবীন নারী নেতৃত্ব সম্মাননা' শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রীতম কুমার সাহা। অনুষ্ঠানে 'নারী পরিকল্পনাবিদ সম্মাননা' প্রদান করা হয় ৫ জন নারীকে এবং 'নবীন নারী নেতৃত্ব সম্মাননা' প্রদান করা হয় ১ জন নারীকে। সম্মাননা প্রাপ্তরা হলেন ড. আফসানা হক (একাডেমিয়া), ড. নীলোপাল অদ্রি (গবেষণা), মাহফুজা আক্তার (সরকারি), আঞ্জুমান আরা রহমান (বেসরকারি),

ড. ফারহানা আহমেদ (উন্নয়ন ব্যবস্থাপনা), এবং সুমাইয়া নাজ (নবীন নারী নেতৃত্ব)।





অনুষ্ঠানের শেষে বিআইপি সভাপতি ড. আদিল মুহাম্মদ খান কর্মক্ষেত্রে নারী পরিকল্পনাবিদদের অধিকার রক্ষার প্রতিশ্রুতি দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, প্রতিষ্ঠাতা সভাপতি পরিকল্পনাবিদ ড. গোলাম রহমান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, পরিকল্পনাবিদ অধ্যাপক ড. মো. শফিক-উর রহমান, এবং অন্যান্য সদস্যরা।

অনুষ্ঠানটি পরিচালনার দায়িত্বে ছিলেন বিআইপি'র বোর্ড সদস্য পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান, পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন।

## Resettlement/Social Safeguard Planning and Implementation and Environmental Impact Assessment (EIA) in Infrastructure Projects শীর্ষক দুই দিনব্যাপী পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা আয়োজন

**৩১.০৫.২০২৪**

বিগত ৩১ মে এবং ১ জুন ২০২৪ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-র 'পেশাগত দক্ষতা উন্নয়ন কর্মসূচী'র আওতায় Resettlement/Social Safeguard Planning and Implementation and Environmental Impact Assessment (EIA) in Infrastructure Projects শীর্ষক দুই দিনব্যাপী একটি পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা বিআইপি কার্যালয়ে অনুষ্ঠিত হয়।



প্রশিক্ষণ কর্মশালাটির উদ্বোধন করেন বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-র বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স) পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি এর তত্ত্বাবধানে ডেভেলপমেন্ট অ্যান্ড সেফগার্ড কনসালট্যান্টস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক পরিকল্পনাবিদ মোঃ সাইফুল্লাহ দস্তগীর এবং ফ্রিল্যান্স এনভায়রনমেন্টাল প্ল্যানিং কনসালটেন্ট এবং ক্লাইমেট চেঞ্জ এক্সপার্ট জনাব কুশল রায় প্রশিক্ষক হিসেবে কর্মশালাটি পরিচালনা করেন।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় নগর পরিকল্পনাবিদ এবং অন্যান্য পেশাজীবীগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এবং সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান প্রশিক্ষণার্থীদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেন। সনদ প্রদান অনুষ্ঠানে বিআইপি'র সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিনসহ বিআইপি'র বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন।

## বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সদস্য পরিকল্পনাবিদ মোঃ মাহমুদ আলী নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রধান) হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় শুভেচ্ছা জ্ঞাপন

**০২.০৬.২০২৪**

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সদস্য পরিকল্পনাবিদ মোঃ মাহমুদ আলী (এম-১৯৭) সম্প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ নগর উন্নয়ন উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রধান) হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন। তিনি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)-র সদস্য (অতিরিক্ত সচিব) পদে গবেষণা ও প্রযুক্তি-১ শাখার দায়িত্বে ছিলেন।



এ উপলক্ষ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের ১৬তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধি দল ইনস্টিটিউট এর পক্ষ থেকে বিগত ২ জুন ২০২৪ তারিখে পরিকল্পনাবিদ মোঃ মাহমুদ আলীকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। এসময় বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এবং বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন) পরিকল্পনাবিদ হোসনে আরা বিআইপি'র প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন।

## বিআইপি'র সহযোগিতায় পাবিপ্রবি তে Sustainable Spatial Planning Practices শীর্ষক সেমিনার আয়োজন

**০৪.০৬.২০২৪**

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের উদ্যোগে এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র সহযোগিতায় বিগত ৪ জুন ২০২৪ (মঙ্গলবার) পাবিপ্রবি পরীক্ষা কেন্দ্র ভবনের সম্মেলন কক্ষে Sustainable Spatial Planning Practices শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। পাবিপ্রবি-র নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের চেয়্যারমেন পরিকল্পনাবিদ মোঃ কামরুল হাসানের সভাপতিত্বে উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, পাবিপ্রবি-র কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে. এম. সালাহ্ উদ্দীন এবং প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডীন ড. শেখ রাসেল আল আহমেদ। এছাড়াও সেমিনারে অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিআইপি'র সদস্য পরিকল্পনাবিদ আবু খালেক মোহাম্মদ রিয়াজ উদ্দীন।




এছাড়াওসেমিনারে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিআইপি'র বোর্ড সদস্য পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন সহ পাবিপ্রবি-র নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ।



সেমিনার শেষে, পাবিপ্রবি-র নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে নবগঠিত বিআইপি স্টুডেন্ট চ্যাপ্টার প্রতিনিধিগণ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র সভাপতি এবং বোর্ড সদস্যগণের সাথে একটি সৌজন্য সাক্ষাত করেন।

## বিআইপি আয়োজিত '২০২৪-২০২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেটঃ বিআইপি'র পর্যালোচনা' শীর্ষক সংবাদ সম্মেলন

**১২.০৬.২০২৪**

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) বিগত ১২ জুন ২০২৪ তারিখে '২০২৪-২০২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেটঃ বিআইপি'র পর্যালোচনা' শীর্ষক সংবাদ সম্মেলনের আয়োজন করে। বিআইপি'র সভাপতি ড. আদিল মুহাম্মদ খান বলেন, শিক্ষা ও স্বাস্থ্য খাতে যথাক্রমে ২০ শতাংশ ও ১০ শতাংশ বরাদ্দ প্রয়োজন। বিদ্যুৎ খাতে ক্যাপাসিটি চার্জ না কমালে ভর্তুকি অর্থনীতির উপর বোঝা হয়ে দাঁড়াবে। কালো টাকায় ১৫ ভাগ ট্যাক্সের সুযোগ দেওয়ায় সামাজিক ন্যায়বিচার লংঘিত হয় এবং জমি-ফ্ল্যাটের দাম বেড়ে যায়। স্থানিক পরিকল্পনার অভাবে যোগাযোগ খাতে এডিপির বরাদ্দ সঠিকভাবে কাজে আসছে না। উপকূলীয় অঞ্চলের সড়ক ও সেতুর রক্ষণাবেক্ষণে বিশেষ বরাদ্দ প্রয়োজন। টেকসই উন্নয়নের জন্য বাজেট বরাদ্দের গুণগত বিশ্লেষণ এবং জেলা বাজেট প্রণয়ন জরুরি।




কেয়ার বাংলাদেশের পরিচালক পরিকল্পনাবিদ আমানুর রহমান বলেন, বাজেটে পিছিয়ে পড়া এলাকাসমূহের জন্য বিশেষ বরাদ্দ প্রয়োজন। সবুজায়ন বাড়ানো ও নবায়নযোগ্য শক্তির ব্যবহার নিশ্চিত করতে বাজেটে বিশেষ প্রণোদনা অত্যন্ত জরুরি।

বিআইপি'র ভাইস প্রেসিডেন্ট-১ পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন বলেন, স্মার্ট বাংলাদেশ পেতে সমন্বিত মাস্টার প্ল্যান প্রয়োজন। বিনোদন ও চিকিৎসা খাতে কর বসানো গ্রহণযোগ্য নয়। বিআইপি'র যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম বলেন, বরাদ্দের আউটপুট মূল্যায়ন জরুরি এবং সীমিত সম্পদ দিয়ে টেকসই উন্নয়ন করতে স্থানিক পরিকল্পনার বিকল্প নেই। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান, ভাইস প্রেসিডেন্ট-১ পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ, এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন।

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম এর সাথে বিআইপি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ

**১২.০৬.২০২৪**



বিগত ১২ জুন ২০২৪ (বুধবার), বিকাল ৫:০০ টায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আয়োজিত DNCC Multi Stakeholder Workshop on Urban Greening শীর্ষক কর্মশালায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন এবং বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন অংশগ্রহণ করেন।

কর্মশালা শেষে বিআইপি'র প্রতিনিধিগণ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

## ‘নগর পরিকল্পনা ও জনস্বাস্থ্যঃ বৈশ্বিক এবং স্থানীয় অভিজ্ঞতা’ শীর্ষক সেমিনার আয়োজন

### ২৫.০৬.২০২৪

ঐতিহাসিকভাবে নগর পরিকল্পনা ও জনস্বাস্থ্য একে অপরের সাথে সম্পর্কিত। করোনা মহামারী জনস্বাস্থ্যের সাথে নগর পরিকল্পনা ও নির্মিত পরিবেশের সম্পর্ককে পুনরায় আলোচনায় এনেছে। বিগত ২৫ জুন ২০২৪ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) আয়োজিত “নগর পরিকল্পনা ও জনস্বাস্থ্যঃ বৈশ্বিক এবং স্থানীয় অভিজ্ঞতা” শীর্ষক সেমিনারে এসব বিষয়ে আলোকপাত করা হয়। বিআইপি সভাপতি অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ইউনিভার্সিটি অব ক্যালগেরীর সহযোগী অধ্যাপক ড. তানভীর তুরিন চৌধুরী এবং নগর স্বাস্থ্য বিশেষজ্ঞ পরিকল্পনাবিদ এমরানুল হক।




বিআইপি সভাপতি পরিকল্পনাবিদ ড. আদিল মুহাম্মদ খান বলেন, হাসপাতালের সংখ্যা বৃদ্ধির পরিবর্তে সঠিক পরিকল্পনার মাধ্যমে স্বাস্থ্য খাতের ওপর চাপ কমানো সম্ভব। প্রাকৃতিক পরিবেশ থেকে দূরে সরে গিয়ে মানুষের স্বাস্থ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। অপরিকল্পিত নগরায়নের ক্ষতিকর প্রভাব নীতি নির্ধারকদের সামনে উপস্থাপন করলে পরিকল্পনার বাস্তবায়ন সহজতর হবে। বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান বলেন, জনস্বাস্থ্যের সাথে নগর পরিকল্পনার সম্পর্ক কোভিড-১৯ এ নতুন গুরুত্ব পেয়েছে। অন্তর্ভূক্তিমূলক জনবসতি ও নগর গড়ে জনস্বাস্থ্যকে সুরক্ষা দেওয়া সম্ভব বলে তিনি মন্তব্য করেন। ড. তানভীর তুরিন চৌধুরী বলেন, জনসেবার ব্যবস্থা করতে হলে মানুষের প্রয়োজন বুঝতে হবে। হেলথ লিটারেসির অভাব জনস্বাস্থ্যের সাথে পরিকল্পনার দূরত্বের কারণ। তিনি হেলথি সিটির অবকাঠামো জোরদার করার বিষয়েও আলোচনা করেন।

পরিকল্পনাবিদ এমরানুল হক বলেন, শহর অঞ্চলে সঠিক কোন পাবলিক স্বাস্থ্য কাঠামো নেই, ফলে স্বাস্থ্যসেবা অপ্রতুল। কমিউনিটি লিড ইনিসিয়াটিভ গ্রহণ, রিসার্চ ও এভিডেন্স বেসড কাজ, এবং সরকার ও নগর পরিকল্পনাবিদদের সাথে সমন্বয়ের প্রয়োজনীয়তা নিয়ে তিনি মতামত দেন। সেমিনারে বক্তব্য রাখেন বিআইপি'র ভাইস প্রেসিডেন্ট-১ পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান, বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো) পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ, পরিকল্পনাবিদ এ কে এম রিয়াজ উদ্দীন, পরিকল্পনাবিদ তৌফিক মহিউদ্দীন, পরিকল্পনাবিদ তোসলিম শাকুর, পরিকল্পনাবিদ গৌড়াঙ্গ কুমার কুন্ডু, নিগার সুলতানা, মোহাম্মদ তমাল হোসেন।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান, বিপিএএ এর সাথে বিআইপি প্রতিনিধির সৌজন্য সাক্ষাৎ

### ২৬.০৬.২০২৪

বিগত ২৬ জুন ২০২৪ (বুধবার), বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান, বিপিএএ এর সাথে একটি সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় স্থানীয় সরকার বিভাগের নবনিযুক্ত সচিব মহোদয়কে বিআইপি'র পক্ষ থেকে শুভেচ্ছা জানানো হয়। সাক্ষাতে বিআইপি'র সাধারণ সম্পাদক বিআইপি এবং স্থানীয় সরকার বিভাগের পারস্পারিক সম্পর্ক ও সহযোগিতার সম্প্রসারণ এবং সারাদেশের নগর/অঞ্চল ও গ্রামীণ জনপদের সমন্বিত উন্নয়ন তথা উন্নত, সমৃদ্ধশালী এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় সম্পর্কে সচিব মহোদয়ের সাথে আলোচনা করেন।



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব নাজমুল আহসান এর সাথে বিআইপি প্রতিনিধির সৌজন্য সাক্ষাৎ

**২৬.০৬.২০২৪**

বিগত ২৬ জুন ২০২৪ (বুধবার), বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব নাজমুল আহসান এর সাথে একটি সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় বিআইপি'র সাধারণ সম্পাদক বিআইপি এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের পারাস্পরিক সম্পর্ক ও সহযোগিতার সম্প্রসারণের বিষয়ে সচিব মহোদয়ের সাথে আলোচনা করেন।



## UNDP, LGED, and UK Govt. আয়োজিত Urban Resilience Forum আয়োজনে সহযোগি হিসেবে বিআইপি'র অংশগ্রহণ

**২৬.০৬.২০২৪**

বাংলাদেশের উচ্চ জনসংখ্যা এবং দ্রুত নগরায়ণ জলবায়ু পরিবর্তনের জন্য বিশেষভাবে ঝুঁকিপূর্ণ করে তুলেছে, যা নগর এলাকাগুলিকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করে। এই পরিস্থিতি নাগরিকদের জীবন এবং জীবিকাকে বিশেষ করে শহুরে দরিদ্রদের জন্য গুরুতর ঝুঁকিতে ফেলে। জলবায়ু ঝুঁকিতে থাকা সত্ত্বেও, বাংলাদেশ জাতীয় এবং আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে সমস্যা সমাধানে সক্রিয়। সরকার ন্যাশনাল অ্যাডাপটেশন প্যান, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং ডেল্টা পরিকল্পনার মতো বিভিন্ন পরিকল্পনা এবং কৌশল বাস্তবায়ন করেছে। এই প্রচেষ্টাগুলি দেশের জন্য আরও টেকসই ভবিষ্যৎ তৈরি করতে কাজ করছে।




বিগত ২৬-২৭ জুন,২০২৪ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (BICC), বেগম রোকেয়া এভিনিউ, আগারগাঁও, ঢাকায় ফোরামটি অনুষ্ঠিত হয়। UNDP, LGED, and UK Govt. আয়োজিত Urban Resilience Forum আয়োজনে সহযোগি হিসেবে এশীয়ান উন্নয়ন ব্যাংক (ADB), বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (BIP), বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (BUET), সুইডেন দূতাবাস, ইসলামিক উন্নয়ন ব্যাংক (IsDB), এবং বাংলাদেশ পৌরসভা সমিতি (MAB) অংশগ্রহণ করে।




ফোরামের উদ্দেশ্য: জ্ঞান শেয়ার এবং নেটওয়ার্ক গঠনের মাধ্যমে বাংলাদেশে শহুরে দরিদ্রদের জন্য জলবায়ু ও জীবিকার অবস্থা উন্নয়ন করা। এই ফোরামটি ভবিষ্যতের নগর নীতি এবং টেকসই নগর উন্নয়নে অবদান রাখার প্রত্যাশা করে। এছাড়াও রয়েছে জলবায়ু দুর্বলতা এবং আরবান রেজিলিয়েন্স সম্পর্কে বোঝাপড়া বৃদ্ধি করা, স্থানীয়ভাবে নেতৃত্বাধীন জলবায়ু অ্যাডাপটেশন পদ্ধতিগুলি প্রদর্শন করা ও দরিদ্রদের জন্য জলবায়ু সমস্যাগুলির জন্য সহযোগিতা করা এবং ঐক্যমত্য গড়ে তোলা।

### ফোরামের প্রত্যাশিত ফলাফল:

- সচেতনতা বৃদ্ধি এবং যৌথ বোঝাপড়া।
- স্থানীয় নেতৃত্বের জাতীয় স্বীকৃতি।
- ঐক্যমত্য বৃদ্ধি এবং টেকসই নগর উন্নয়নের জন্য নীতিগত সুপারিশগুলির উন্নয়ন।

## বিআইপি'র উদ্যোগে দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচী আয়োজন


**১৪.০৬.২০২৪**





জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় বৃক্ষরোপণের গুরুত্ব বিবেচনায় প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তীতে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) পরিকল্পনাবিদ সদস্য, বিআইপি স্টুডেন্ট চ্যাপ্টার, লোকাল চ্যাপ্টার এবং পরিকল্পনা শিক্ষার্থীদের সহযোগিতায় দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচী পালনের উদ্যোগে গ্রহণ করেছে। বিআইপি'র সকল সম্মানিত সদস্য ও পরিকল্পনা শিক্ষার্থীদের নিজ বাড়ির আঙ্গিনায় অথবা কাছাকাছি কোন উপযুক্ত স্থানে অন্তত একটি দেশীয় ফলজ, বনজ অথবা ঔষধী বৃক্ষ রোপণ করে তার পরিচর্যার ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

বৃক্ষরোপণ কার্যক্রমে অংশগ্রহণকারীদের মধ্যে থেকে সেরা ৫ জন পরিকল্পনাবিদ সদস্য এবং ১০জন পরিকল্পনা শিক্ষার্থীকে বিআইপি'র পক্ষ থেকে পুরস্কৃত করা হবে।


# বিআইপি Student Chapter পরিচিতি















# বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

## ১৬তম কার্যনির্বাহী পরিষদ (২০২৪- ২০২৫)


পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান
সভাপতি


পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন
ভাইস প্রেসিডেন্ট-১


পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান
ভাইস প্রেসিডেন্ট-২


পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান
সাধারণ সম্পাদক


পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম
যুগ্ম সম্পাদক


পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান
কোষাধ্যক্ষ


পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান
বোর্ড সদস্য (প্রফেশনাল এফেয়ার্স)


পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি
বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স)


পরিকল্পনাবিদ হোসনে আরা
বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন)


পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ
বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো)


পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন
বোর্ড সদস্য (মেম্বারশীপ এফেয়ার্স)


পরিকল্পনাবিদ ড. মুহাম্মদ রাশিদুল হাসান
চেয়ারম্যান (চট্টগ্রাম চ্যাপ্টার)


পরিকল্পনাবিদ আবির-উল-জব্বার
চেয়ারম্যান (খুলনা চ্যাপ্টার)


পরিকল্পাবিদ ড. মোঃ আব্দুল ওয়াকিল
চেয়ারম্যান (রাজশাহী চ্যাপ্টার)

# ॥ মিডিয়া কাভারেজ ॥

| তারিখ | বিষয় | লিংক |
| --- | --- | --- |
| ২৭ জানুয়ারি ২০২৪ | 'বাংলাদেশের স্থানিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন আগামীর চ্যালেঞ্জ ও করণীয়' সম্পর্কিত বিআইপি আয়োজিত সংবাদ সম্মেলনে | https://bangla.thedailystar.net<br>https://kalerkantho.com/online<br>https://www.kalerkantho.com<br>https://www.deshrupantor.com<br>https://protidinerbangladesh.com<br>https://www.tbsnews.net<br>https://www.somoynews.tv<br>https://www.desh.tv<br>https://www.amarsangbad.com<br>https://www.shomoyeralo.com<br>https://www.newsg24.com |
| ২ মার্চ ২০২৪ | 'বেইলি রোডের অগ্নিকান্ড এবং ভবনে জীবনের নিরাপত্তাঃ বিআইপির পর্যবেক্ষণ ও প্রস্তাবনা' শীর্ষক সংবাদ সম্মেলন | https://www.prothomalo.com<br>https://www.prothomalo.com<br>https://bangla.thedailystar.net<br>https://www.banglatribune.com<br>https://www.kalerkantho.com<br>https://www.kalerkantho.com<br>https://www.kalerkantho.com<br>https://www.jagonews24.com<br>https://protidinerbangladesh.com<br>https://www.swadeshpratidin.com<br>https://www.dhakapost.com<br>https://www.al-ihsan.net<br>https://ajkerprottasha.com |
| ৪ মে ২০২৪ | 'ঢাকায় তাপদাহঃ নগর পরিকল্পনা ও উন্নয়ন ব্যবস্থাপনার দায় ও করণীয়' শীর্ষক বিআইপির পরিকল্পনা সংলাপ | https://www.dhakapost.com<br>https://protidinerbangladesh.com<br>https://www.somoynews.tv<br>https://www.khaborerkagoj.com<br>https://www.jugantor.com<br>https://www.prothomalo.com<br>https://bangladeshmoments.com<br>https://samakal.com<br>https://www.kalbela.com<br>https://www.kalbela.com<br>https://barta24.com<br>https://front.kalerkantho.com<br>https://timenewsbd.net |
| ৫ মে ২০২৪ | 'নারী পরিকল্পনাবিদ এবং নবীন নারী নেতৃত্ব সম্মাননা' শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন | https://www.dhakatimes24.com<br>https://www.bahannonews.com<br>https://www.dainikamadershomoy.com<br>https://ebangla.press<br>https://www.dhakapost.com<br>https://www.bbarta24.net<br>https://www.banglanews24.com<br>https://www.banglanews24.com<br>https://www.alokitosangbad.com<br>https://www.kalbela.com |
| ১২ জুন ২০২৪ | বিআইপি আয়োজিত '২০২৪-২০২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেটঃ বিআইপির পর্যালোচনা' শীর্ষক সংবাদ সম্মেলন। | https://www.thedailystar.net<br>https://www.daily-sun.com<br>https://www.dailynayadiganta.com<br>https://www.jagonews24.com<br>https://dailysangram.com |
| ২৫ জুন ২০২৪ | 'নগর পরিকল্পনা ও জনস্বাস্থ্যঃ বৈশ্বিক এবং স্থানীয় অভিজ্ঞতা' শীর্ষক সেমিনার | https://www.dhakapost.com<br>https://www.desh.tv |

বি.আই.পি
# নিউজলেটার

প্ল্যানার্স টাওয়ার (লেভেল-৭)
১৩/এ বীর উত্তম সি আর দত্ত (সোনারগাঁও) রোড
বাংলামটর, ঢাকা-১০০০, বাংলাদেশ
মোবাইল ঃ +৮৮০১৮৬২ ২৬৭৬২৪
ই-মেইল ঃ bipinfo@bip.org.bd

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)
BANGLADESH INSTITUTE OF PLANNERS (BIP)
bipinfo Bip2013a bangladeshinstituteofplanners